# NTRCA লেকচার শিট বাংলা ভাষা ও সাহিত্য

## লেকচার ০৩

লেকচার টপিক

- ণ-ত্ব বিধান এবং ষ-ত্ব বিধান
- শব্দের শ্রেণিবিভাগ

## ণ-ত্ব বিধান এবং ষ-ত্ব বিধান

### ণ-ত্ব বিধান

যে বিধি অনুসারে তৎসম শব্দে 'ণ' এর ব্যবহার হয় তাকে ণ-ত্ব বিধি বা ণ-ত্ব বিধান বলে। অন্যভাবে তৎসম শব্দের বানানে ণ-এর সঠিক ব্যবহারের নিয়মই ণ-ত্ব বিধান। তদ্ভব বা দেশি ও বিদেশি শব্দে ণ-এর ব্যবহার নেই।

✪ নিম্নে মূর্ধন্য-ণ ব্যবহারের কিছু নিয়ম প্রদত্ত হলো:

১. ঋ, র, ষ, ক্ষ এর পরে দন্ত্য-ন থাকলে তা মূর্ধন্য-ণ' হয়। যেমন- তৃণ, মৃণাল, চূর্ণ, স্বর্ণ, দূষণ, ভীষণ, ক্ষীণ, ক্ষণিক।

২. ট-বর্গীয় ধ্বনির (ট, ঠ, ড, ঢ, ণ) আগে দন্ত্য-ন ব্যবহৃত হয়ে যুক্ত ব্যঞ্জন গঠিত হলে সব সময় দন্ত্য-ন মূর্ধন্য-ণ হয়। যেমন: কাণ্ড, গণ্ড, প্রচণ্ড, বণ্টিত, অকুণ্ঠিত, ভুলুণ্ঠিত, ঘণ্টা, উৎকণ্ঠা।

৩. প্র, পরা, পরি, নির – এ চারটি উপসর্গের পর দন্ত্য–ন মূর্ধন্য-ণ হয়। যেমন– প্রণয়, প্রণত, প্রণীত, প্রবণ, প্রবীণ, পরিণত, পরিণতি, নির্ণয়, নির্বাণ। আবার অপর, পরা, পূর্ব, প্র এই কয়টি পূর্বপদের পর 'অহ্ন' যুক্ত হলে দন্ত্য-ন এর জায়গায় মূর্ধন্য-ণ হয়। যেমন– পূর্ব + অহ্ন = পূর্বাহ্ণ, অপর + অহ্ন = অপরাহ্ণ, পরা + অহ্ন = পরাহ্ণ।

৪. ঋ, র, ষ এর পরে যদি স্বরবর্ণ, ক-বর্গ (ক, খ, গ, ঘ, ঙ), প-বর্গ (প, ফ, ব, ভ, ম) এবং (য় ব হ ং) বর্ণ গুলোর এক বা একাধিক বর্ণ থাকলে তার পরের দন্ত্য-ন মূর্ধন্য-ণ হয়। যেমন: গ্রামীণ, কৃপণ, অর্পণ, চর্বণ, গ্রহণ, দ্রবণ, রামায়ণ, ব্রাহ্মণ।

৫. উত্তর, পর, পার, চান্দ্র, রাম, নার, নারা, রবীন্দ্র শব্দের পরে 'অয়ন' প্রত্যয় যুক্ত হলে 'অয়ন' এর 'ন' 'ণ' হয়। যেমন: উত্তরায়ণ, চন্দ্রায়ণ, নারায়ণ, রামায়ণ ইত্যাদি।

### ণ-ত্ব বিধান প্রযোজ্য নয়

৫। বিদেশি শব্দে ণ-ত্ব বিধান প্রযোজ্য নয়। যেমন– ইরান, কোরআন, ট্রেন, জার্মান, গ্রিন, ওয়েস্টার্ন, লন্ডন, সিমেন্ট, পেপসোডেন্ট, প্রিন্ট।

৬। বাংলা ক্রিয়াবাচক শব্দে মূর্ধন্য-ণ হয় না। যেমন - সরেন, মরেন, মারেন, ধরেন, করেন।

৭। সমাসবদ্ধ শব্দে দ্বিতীয় পদের 'ন' অপরিবর্তিত থাকে। যেমন– সর্বনাম, রঘুনন্দন, বরানুগমন, দুর্নাম, দুর্নীতি, দুর্নিমিত্তি।

৮। সমাস সত্ত্বেও কতক পদের 'ন' - 'ণ' হয়। যথা– অগ্রণী, উত্তরায়ণ, নারায়ণ, পূর্বাহ্ণ, অগ্রহায়ণ।

### কতকগুলো শব্দে স্বভাবতই মূর্ধন্য-ণ হয়

চাণক্য মাণিক্য গণ বাণিজ্য লবণ মণ
বেণু বীণা কঙ্কণ কণিকা।
কল্যাণ শোণিত মণি স্থাণু গুণ পুণ্য বেণী
ফণী অণু বিপণি গণিকা।
আপণ লাবণ্য বাণী নিপুণ ভণিতা পাণি
গৌণ কোণ ভাণ পণ শাণ
চিক্কণ নিক্বণ তূণ কফণি বণিক গুণ
গণনা পিণাক পণ্য বাণ।

## এক কথায় প্রশ্নোত্তর

১. **কোন শব্দগুলোতে স্বভাবতই মূর্ধন্য-ণ হয়?**
উত্তর: লবণ, কণিকা, কল্যাণ, আপণ, লাবণ্য, অণু, নিপুণ প্রভৃতি।

২. **প্র, পরি, নির- উপসর্গের পর কোন ধ্বনি হয়?**
উত্তর: 'ণ'।

৩. **ণ-ত্ব বিধান হয় না কোন শব্দে?**
উত্তর: সমাসবদ্ধ শব্দে।

৪. **ণ-ত্ব বিধান কী?**
উত্তর: তৎসম শব্দে 'ণ' এর ব্যবহারের নিয়ম।

৫. **বাংলা (দেশি), তদ্ভব ও বিদেশি শব্দে কোন বর্ণ লেখার প্রয়োজন নেই?**
উত্তর: 'ণ' লেখার।

৬. **প্র, পরা, পূর্ব + 'অহ্ন' যুক্ত হলে দন্ত্য-ন স্থলে কী হয়?**
উত্তর: 'ণ'।

৭. **তৎসম শব্দে ঋ, র, ষ এর পরে কী হয়?**
উত্তর: মূর্ধন্য-'ণ'।

৮. **ট-বর্গীয় (ট, ঠ, ড, ঢ) ধ্বনির সাথে যুক্ত ব্যঞ্জন গঠিত হলে কী হবে?**
উত্তর: 'ণ'। যেমন- ঘণ্টা, দণ্ড, কাণ্ড।

৯. **'দুর্নাম' ও 'দুর্নিবার' শব্দ দুটিতে 'ণ' ব্যবহার হয়নি কেন?**
উত্তর: সমাসবদ্ধ পদ বলে।

## Teacher's Work

১. **ণ-ত্ব বিধি অনুসারে কোন বানানটি শুদ্ধ?** [১৭তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল পর্যায়)-২০২২]
ক পূর্বাহ্ণ  খ মধ্যাহ্ণ  গ অপরাহ্ন  ঘ সায়াহ্ণ

২. **সমাসবদ্ধ শব্দে সাধারণত ণ-ত্ব বিধান খাটে না-এর উদাহরণ কোনটি?** [১৬তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)-২০১৯]
ক অগ্রনায়ক  খ রতন  গ আপন  ঘ অনুষ্ঠান

৩. **নিচের কোন শব্দে ণ-ত্ব বিধি অনুসারে 'ণ'-এর ব্যবহার হয়েছে?** [৩৬তম বিসিএস]
ক কল্যাণ  খ প্রবণ  গ নিক্কণ  ঘ বিপণি

৪. **ণ-ত্ব বিধি সাধারণত কোন শব্দে প্রযোজ্য/ণ-ত্ব বিধান বাংলা বানানে কোন শব্দের ক্ষেত্রে প্রযোজ্য?** [২১তম বিসিএস]
ক দেশি  খ বিদেশি  গ তৎসম  ঘ তদ্ভব

## ষ-ত্ব বিধান

ব্যাকরণের নিয়ম অনুযায়ী তৎসম শব্দের বানানে দন্ত্য-স কে মূর্ধন্য-ষ তে রূপান্তরিত করার নাম ষ-ত্ব বিধান।
যেমন- মুমূর্ষু, অভিষেক, সুষম, বিষণ্ণ। তদ্ভব বা দেশি ও বিদেশি শব্দে ষ-এর ব্যবহার নেই।

✪ **নিম্নে মূর্ধন্য-ষ ব্যবহারের কিছু নিয়ম প্রদত্ত হলো:**

১। **অ, আ ছাড়া অন্যান্য স্বরবর্ণের (ই ি, ঈ ী, উ ু, ঊ ূ, এ ে, ঐ ৈ, ও ো, ঔ ৌ) পরে এবং ক ও র এর পরে বহু ক্ষেত্রে 'ষ' হয়ে থাকে।** যেমন- পরিষ্কার, আবিষ্কার, ভীষণ, ঈষৎ, রুষ্ট, সুষম, তুষার, পূষণ, দূষণ, ঊষর, মেষ, ঐষিক, হিতৈষী, পোষণ, শোষণ, ঔষধি, পৌষ।

২। **'ঋ' ও 'র' এর পরে মূর্ধন্য-ষ হবে।**
যেমন- বৃষ্টি, দৃষ্টি, কৃষ্টি, সৃষ্টি, বর্ষ, বর্ষা, বর্ষণ, ধর্ষণ, কৃষক, তৃষ্ণা, হর্ষ, মুমূর্ষু, আকর্ষণ ইত্যাদি।

৩। **যুক্তাক্ষরে যদি দন্ত্য-'স 'এর পরে ট/ঠ থাকে তবে দন্ত্য-'স' এর স্থলে মূর্ধন্য-ষ হবে।**
যেমন = দুষ্ট, কষ্ট, ইষ্ট, তুষ্ট, বিশিষ্ট, অনিষ্ট, রাষ্ট্র, কনিষ্ঠ, ভূমিষ্ঠ, অনুষ্ঠান, পৃষ্ঠ ইত্যাদি।

৪। **বাংলা ভাষায় দেশি-বিদেশি মোট পঞ্চাশটির ও বেশি উপসর্গ আছে। এসব উপসর্গের মধ্যে ই-কারান্ত এবং উ-কারান্ত উপসর্গের পরে মূর্ধন্য-ষ হবে।**
যেমন- অভি + সেক > অভিষেক, সু+সুপ্ত > সুষুপ্ত, প্রতি+সেধক > প্রতিষেধক, বি+সম > বিষম, সু+সম > সুষম ইত্যাদি।

## ষ-ত্ব বিধান প্রযোজ্য নয়

৫। **'সাৎ' প্রত্যয় যুক্ত সংস্কৃত শব্দে মূর্ধন্য-ষ না হয়ে দন্ত্য-স হবে।** যেমন- অগ্নিসাৎ, ধূলিসাৎ, ভূমিসাৎ।

৬। **বিদেশি ও অন্যান্য অতৎসম শব্দের বানানে ষ-ত্ব বিধি প্রযোজ্য নয়।**
যেমন- স্টোর, স্টার, ডাস্টার, পোস্টার, মিস্টার, স্টিকার, ব্যারিস্টার, টুস্টার, পোস্টমাস্টার, সিস্টার, স্টেশন, স্ট্যান্ট, মাস্টার, ফটোস্ট্যাট, রেস্টুরেন্ট, ইস্টার্ন ইত্যাদি।

৭। **বাংলা ক্রিয়ায় ষ-ত্ব বিধি প্রযোজ্য নয়- যাস, খাস, হাস, করিস ইত্যাদি।**

৮। **কতকগুলো শব্দে স্বভাবতই মূর্ধন্য-ষ হয়।** যেমন–

আষাঢ় শেষ ঈষৎ মেষ
ভাষা কলুষ ভাষ্য মানুষ।
ষোড়শ কোষ পৌষ রোষ
ষট্ পুরুষ মানুষ পাষণ্ড ষণ্ড প্রত্যূষ।
আভাষ ভাষণ অভিলাষ পোষণ
ঊষর তোষণ ঊষা শোষণ।
ঔষধ বিষাণ ষড়যন্ত্র পাষাণ
বিশেষ ভূষণ সরিষা দূষণ।

## এক কথায় প্রশ্নোত্তর

১. **ট-বর্গীয় ধ্বনির সঙ্গে কোন বিধি প্রয়োগ হয়?**
উত্তর: 'ষ-ত্ব ও ণ-ত্ব বিধি।
২. **দেশি, তদ্ভব ও বিদেশি শব্দে কোন বর্ণের ব্যবহার নেই?**
উত্তর: 'ষ' ধ্বনি।
৩. **ঋ, রেফ, ঋ-কার এরপর কোনটি হয়?**
উত্তর: 'ষ'।
৪. **সম্ভাষণসূচক শব্দে এ-কারের পর কোন ধ্বনি বসে?**
উত্তর: 'ষ' (যেমন- শ্রদ্ধাস্পদেষু, প্রিয়বরেষু)।
৫. **সম্ভাষণসূচক স্ত্রীবাচক শব্দে আ-কারের পর কোন ধ্বনি বসে?**
উত্তর: 'স' (যেমন- কল্যাণীয়াসু, সুচরিতাসু প্রভৃতি)।
৬. **কোন প্রত্যয়যুক্ত পদে মূর্ধন্য 'ষ' হয় না?**
উত্তর: 'সাৎ'।

## Teacher's Work

১. **কোন প্রত্যয়যুক্ত পদের মূর্ধন্য 'ষ' হয় না?** [১৩তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল-২)-২০১৬]
ক) সাৎ খ) সা গ) ষেয় ঘ) ষ্ণিক
২. **নিত্য মূর্ধন্য-ষ কোন শব্দে বর্তমান?** [২৪তম বিসিএস ২০০৩; ২০তম বিসিএস; বা.প.উ.বো. (হিসাবরক্ষক)'২২; খা.অ. (উপ-খাদ্য পরিদর্শক)'২১]
ক) কষ্ট খ) উপনিষৎ গ) কল্যাণীয়েষু ঘ) আষাঢ়
৩. **"পুরষ্কার-বিতরণী অনুষ্ঠানের পরিবেশ এত অপরিষ্কার"! –বাক্যটির নিম্নরেখ পদে ষ/স ব্যবহারে–** [৩৫তম বিসিএস]
ক) প্রথমটি অশুদ্ধ, দ্বিতীয়টি শুদ্ধ খ) প্রথমটি শুদ্ধ, দ্বিতীয়টি অশুদ্ধ
গ) দুটোই অশুদ্ধ ঘ) দুটোই শুদ্ধ

## শব্দের শ্রেণিবিভাগ

**শব্দ:** মনের ভাব প্রকাশের জন্য এক বা একাধিক ধ্বনি বা বর্ণ মিলে কোনো অর্থ প্রকাশ করলে তাকে শব্দ বলে। অর্থবোধক ধ্বনি ও ধ্বনি সমষ্টিকে শব্দ বলা হয়। শব্দকে তিন শ্রেণিতে ভাগ করা যায়। যথা- উৎসমূলক, গঠনমূলক ও অর্থমূলক।

***বি.দ্র.*** নবম-দশম শ্রেণির নতুন ব্যাকরণ বই অনুযায়ী উৎস বিবেচনায় বাংলা ভাষার শব্দ চার প্রকার। যথা: তৎসম, তদ্ভব, দেশি ও বিদেশি। এখানে অর্ধ-তৎসম শব্দকে বাদ দেওয়া হয়েছে।

এছাড়াও একাধিক ভাষার শব্দ সংযোগে আরেক ধরনের শব্দ তৈরি হয়। এগুলোকে মিশ্র শব্দ বলে।

### শব্দের উৎসমূলক শ্রেণিবিভাগ

#### তৎসম শব্দ

১. তৎসম একটি পারিভাষিক শব্দ। তৎসম অর্থ তার (তৎ) সমান (সম)। তৎসম শব্দ বলতে বুঝায় সংস্কৃত শব্দ। সংস্কৃত ভাষা থেকে যেসব শব্দ সরাসরি বাংলায় এসেছে ও যাদের রূপ অপরিবর্তিত রয়েছে, সেসব শব্দকে তৎসম শব্দ বলে।
২. সংস্কৃত ব্যাকরণ অনুসরণ করে গঠিত পারিভাষিক শব্দকেও তৎসম শব্দ বলা হয়। যথা: অধ্যাদেশ, গণপ্রজাতন্ত্রী, মহাপরিচালক, সচিবালয় ইত্যাদি।

#### তৎসম শব্দ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| চন্দ্র | সূর্য | ভবন | ধর্ম | ধূম্র | সাগর |
| জ্যোৎস্না | হিম | পুস্তক | বৃক্ষ | সন্ধ্যা | মানব |
| পাত্র | পুত্র | কবি | জীবন | ফল | কুৎসিত |
| শ্রাদ্ধ | গমন | ঊষা | অশ্ব | মস্তক | ক্ষতি |

#### অর্ধ-তৎসম শব্দ

১. বাংলা ভাষায় কিছু সংস্কৃত শব্দ কিঞ্চিৎ পরিবর্তিত আকারে ব্যবহৃত হয়, এগুলোকে অর্ধ-তৎসম শব্দ বলে। যেমন: জ্যোৎস্না > জোছনা ।
২. বাংলা ভাষায় অর্ধ-তৎসম শব্দগুলো এসেছে সংস্কৃত ভাষা থেকে।

| তৎসম | অর্ধ-তৎসম | তৎসম | অর্ধ-তৎসম |
|---|---|---|---|
| গৃহিণী | গিন্নি | কৃষ্ণ | কেষ্ট |
| কুৎসিত | কুচ্ছিত | বৈষ্ণব | বোষ্টম |
| ক্ষুধা | খিদে | মিষ্ট | মিষ্টি |

#### তদ্ভব শব্দ

১. তদ্ভব কথাটির অর্থ হচ্ছে তার (সংস্কৃত) থেকে উদ্ভব। **তদ্ভব শব্দগুলোকে খাঁটি বাংলা শব্দও বলে।**
২. যেসব শব্দের মূল সংস্কৃত ভাষায় পাওয়া যায়, কিন্তু ভাষার স্বাভাবিক বিবর্তনের ধারায় প্রাকৃতের মাধ্যমে পরিবর্তিত হয়ে আধুনিক বাংলায় স্থান করে নিয়েছে, সেসব শব্দকে বলা হয় তদ্ভব শব্দ।
যেমন: চাঁদ, চামার, পাখি, পা, পাতা, বাছা, ভিটা, ভাত, মা, হাত, নাচ, কান, জিভ, দাঁত, হাতি, ঘোড়া, সাপ, পাখি, কুমির ইত্যাদি।
৩. **তৎসম শব্দ থেকে তদ্ভব শব্দের উৎপত্তি:**

| সংস্কৃত | প্রাকৃত | তদ্ভব | সংস্কৃত | প্রাকৃত | তদ্ভব |
|---|---|---|---|---|---|
| চর্মকার | চম্মআর | চামার | ঘৃত | ঘিঅ | ঘি |
| চন্দ্র | চন্দ | চাঁদ | পাদ | পাঅ | পা |
| মাতা | মাআ | মা | কাষ্ঠ | কট্‌ঠ | কাঠ |
| হস্ত | হত্থ | হাত | ভক্ত | ভত্ত | ভাত |

## দেশি শব্দ

**দেশি শব্দ:** বাংলাদেশের আদিম অধিবাসীদের ভাষা ও সংস্কৃতির কিছু শব্দ বাংলা ভাষায় স্থান পেয়েছে, এগুলোকে দেশি শব্দ বলে।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ডাঙা | চাউল | ঝিনুক | ছাঁচ | ইটা | ডিঙি |
| গজা | চারা | খড় | ডোম | ভিড় | ম্যাজম্যাজ |
| ঝাড় | কুড়ি | ঢিল | চিড় | ট্যাক | ট্যাটা |
| পেট | চুনি | পেট | ডাঙর | পাঁঠা | জুলজুল |
| ডাহা | আড় | ফের | বাট | ডাব | টোপর |

- **মুণ্ডারি শব্দ :** ডুঙি, চুলা
- **কোল শব্দ :** বোঙ্গা

## বিদেশি শব্দ

**ফারসি শব্দ:**

বিদেশি শব্দের মধ্যে বাংলা ভাষায় সবচেয়ে বেশি শব্দ এসেছে ফারসি শব্দ থেকে। যেমন-

ক. **ধর্মসংক্রান্ত শব্দ:** খোদা, গুনাহ, দোজখ, নামাজ, রোজা, পয়গম্বর, বেহেশত, শিন্নি, বান্দা, পেরেশান, ফেরেশতা, তারাবি, হাদিস।

খ. **প্রশাসনিক ও সাংস্কৃতিক শব্দ:** কাগজ, কারখানা, চশমা, জবানবন্দি, ফরমান, তোশক, দপ্তর, দরবার, দোকান, দস্তখত, দৌলত, নালিশ, বাদশাহ, মেথর, রসদ, বেগম, বান্দা, খোশরোজ, বাজার, পরচা, মর্সিয়া, আইন, পাঞ্জাবি, পাপোশ, পেয়াদা, পেশা, শের, দরজা।

গ. **বিবিধ শব্দ:** আয়না, আমদানি, আন্দাজ, কারবার, খরচ, সোয়া, জানোয়ার, জিন্দাবাদ, নমুনা, বদমাস, বরফ, মলম, রপ্তানি, হাঙ্গামা, হিন্দু, সবুজ, বাবেল, খাম, জঙ্গল, দারোগা, আসমান, ঘিঞ্জি, খোশমোদ, খামোখা, কাবাব, ফিরিঙ্গি, ফালুদা, বোরহানি, বেগার, বেকার, পেঁয়াজ, ভিস্তি, সাদা, রুমাল, সারেং, লুঙ্গি, আলবোলা, পরি, পেয়ালা, পায়খানা, তেজি, শালগম, লাগাম, চাবুক, খাকি, খানসামা।

**আরবি শব্দ:**

ক. **ধর্মসংক্রান্ত শব্দ:** আল্লাহ, আদাব, ইসলাম, ইমান, ওযু, কোরবানি, কোরআন, মুসাফির, কিয়ামত, কবুল, গোসল, জাহান্নাম, তওবা, তসবি, শহিদ, যাকাত, হারাম, হালাল, হায়াত, দাওয়াত, শরিফ, হজ্জ, মৌলবি, আলেম, ইসলাম, ইনসান, ইদ।

খ. **প্রশাসনিক ও সাংস্কৃতিক শব্দ:** আদালত, উকিল, বাকি, মক্কেল, ওজর, এজলাস, এলেম, কানুন, কলম, রায়, বকলম, কিতাব, কেচ্ছা, খারিজ, গায়েব, দোয়াত, দলিল, নগদ, মহকুমা, দালাল, মুন্সেফ, মোক্তার, জরিমানা, জরিপ, ইস্তফা, জেলা, লোকসান, আব্বা।

গ. **বিবিধ শব্দ:** আক্কেল, তেজারত, তাকলিফ, তবলা, মোলায়েম, মশগুল, মশকরা, তুফান, শরবত, লেবু, বোরন, তারিখ, বোরকা, ফানুস, খত, খাসি, খালু, দখল, হারেম, ইউনানি, ওজন, লাখেরাজ, গোলাম, আলাদা, দলিল।

- বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধানে **তারিখ শব্দটি আরবি** বলা হয়েছে (পৃ. ৫৯৯), কিন্তু নবম দশম শ্রেণির নতুন ব্যাকরণে **তারিখ ফারসি শব্দ** বলা হয়েছে (পৃ. ৫১)।

**পর্তুগিজ শব্দ:**

আতা, আনারস, আলপিন, আলমারি, আলকাতরা, ইস্তিরি, ইস্পাত, কেদারা, কামরা, কেরানি, কপি, গির্জা, গুদাম, গামলা, চাবি, জানালা, জালা, পেঁপে, পেরেক, পাউরুটি, পাদ্রি, পেয়ারা, পিস্তল, ফিতা, বালতি, বোতাম, বারান্দা, বেহালা, বর্গা, ইংরেজি, তোয়ালে, নিলাম, কাফ্রি, কাবাব, বোতল, বোমা, বোম্বেটে, ইংরেজ, ইংরেজি, কার্তুজ, সাগু।

**ইংরেজি শব্দ: ইংরেজি শব্দ দুই প্রকারে পাওয়া যায়।**

ক. **অনেকটা ইংরেজি উচ্চারণে:** কমা, কলেজ, কেরোসিন, চেয়ার, টিন, নভেল, নোট, পাউডার, পেনসিল, ব্যাগ, ফেল, বিল, মাস্টার, লাইব্রেরি, টুল, ফুটবল, টেবিল, টিকিট, স্টিমার, রেল, লাইন, পুলিশ, স্টেশন, থিয়েটার, কোম্পানি, ডিসমিস, সিনেমা।

খ. **পরিবর্তিত উচ্চারণে:** আফিম (Opium), অফিস (Office), বাক্স (Box), স্কুল (School), হাসপাতাল (Hospital), বেঞ্চি (Bench), গ্লাস (Glass), জেল (Jail), এজেন্ট (Agent), কামান (Cannon), কৌঁসুলি (Counsellor)।

**তুর্কি শব্দ:** আলখাল্লা, উজবুক, কাঁচি, কাবু, কুলি, কুর্নিশ, কোর্তা, কোর্মা, খাঁ, চাকর, চাকু, চকমক, তোপ, বাবুর্চি, লাশ, বন্দুক, বারুদ, বাবা, সুলতান, বেগম, মুচলেকা, খুকি, চিলমচি।

**হিন্দি শব্দ:** ভাই, চাচা, বোন, মামা, মামী, কাহিনি, রুটি, চানাচুর, চাচি, দাদা, খেলনা, গাং, ছোকরা, হালুয়া, লাগাতার, সমঝোতা, খতিয়ান, ফুচকা, ফুলকা, পাঁয়তারা, ঝান্ডা, ঢাল, পোখরাজ, মোড়ক, পিচকারি, টোল, জুতা, ধুতি, খাস্তা, খিরা, টহল, পাগড়ি, বাবু, শেরওয়ানি, ঠাণ্ডা, চাটনি, কলকি, নানা, নানি।

**ফরাসি শব্দ:** কার্তুজ, কুপন, ক্যাফে, ডিপো, ফরাসি, ওলন্দাজ, গ্যারেজ, বুর্জোয়া, রেস্তোরাঁ, আঁতেল, আঁতাত, রেঁনেসা।

**ওলন্দাজ/ডাচ শব্দ:** ক্যারেট, ইস্কাপন, টেক্কা, তুরুপ, রুইতন, হরতন।

**ইতালিয়ান শব্দ:** ফ্যাসিস্ট, মাফিয়া, ম্যাজেন্টা, ম্যালেরিয়া, কার্টুন, কার্নিভ্যাল, ক্যাসিনো, স্টুডিয়ো, জেব্রো, লাভা।

**জাপানি শব্দ:** জুডো, রিকশা, প্যাগোডা, সুনামি, হারিকিরি, হাসনাহেনা, ক্যারাটে।

**গ্রিক শব্দ:** দাম, কেন্দ্র, ক্লোন, ক্লোরিন, আইসোটোপ, ইউরেনাস।

**জার্মান শব্দ:** নাৎসি, কিন্ডারগার্টেন, ট্রাম।

**চীনা শব্দ:** চা, চিনি, লুচি, লিচু, এলাচি, সাম্পান।

**সিংহলি:** সিডর (অর্থ-চোখ), বেরিবেরি।

**মালয়:** কাকাতুয়া, কিরিচ।

**তিব্বতি:** শেরপা, লামা।

**তামিল:** চুরুট।

**বর্মি:** ফুঙ্গি, লুঙ্গি, নাপ্পি।

**গুজরাটি:** হরতাল, খদ্দর, জয়ন্তি।

**অস্ট্রেলিয়ান:** বুমেরাং, ক্যাঙ্গারু।

**পেরু:** কুইনাইন।

**মেক্সিকান:** চকলেট।

## মিশ্র শব্দ

| মিশ্র শব্দ | ভাষা | মিশ্র শব্দ | ভাষা |
|---|---|---|---|
| চৌহদ্দি | ফারসি+ আরবি | হাট-বাজার | বাংলা+ফারসি |
| কালিকলম | বাংলা+আরবি | হেড-মৌলভী | ইংরেজি+ফারসি |
| শাকসবজি | তৎসম+ফারসি | রাজা-বাদশা | তৎসম+ফারসি |
| হেড-পণ্ডিত | ইংরেজি+তৎসম | শ্রমিক-মালিক | তৎসম+আরবি |

## এক কথায় প্রশ্নোত্তর

**১. চা, লিচু, লুচি কোন জাতীয় শব্দ?**
**উত্তর:** চৈনিক।

**২. 'ইংরেজ' কোন ভাষার শব্দ?**
**উত্তর:** পর্তুগিজ।

**৩. 'রেস্তোরাঁ কোন ভাষার শব্দ?**
**উত্তর:** ফরাসি।

**৪. চন্দ্র শব্দের তদ্ভব রূপ কী?**
**উত্তর:** চাঁদ।

**৫. 'লুঙ্গি' কোন ভাষার শব্দ?**
**উত্তর:** বর্মি। [বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধানে 'লুঙ্গি' শব্দটি ফারসি বলা হয়েছে]

**৬. 'শাকসবজি' শব্দটি কোন ভাষা থেকে উৎপত্তি?**
**উত্তর:** তৎসম + ফারসি।

**৭. 'চানাচুর' শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে?**
**উত্তর:** হিন্দি।

**৮. হরতাল কোন ভাষার শব্দ?**
**উত্তর:** গুজরাটি।

**৯. 'তারিখ' কোন ভাষার শব্দ?** *[নোট: বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধানে তারিখ শব্দটি আরবি বলা হয়েছে। কিন্তু নবম-দশম নতুন ব্যাকরণে 'তারিখ' ফারসি শব্দ বলা হয়েছে]*
**উত্তর:** ফারসি।

**১০. 'বাবুর্চি' কোন ভাষার শব্দ?**
**উত্তর:** তুর্কি।

**১১. 'জানালা' কোন ভাষার শব্দ?**
**উত্তর:** পর্তুগিজ।

**১২. 'পানি' শব্দটি বাংলা কোন ভাষা থেকে এসেছে?**
**উত্তর:** হিন্দি।

**১৩. 'নামায' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?**
**উত্তর:** ফারসি।

**১৪. 'খোদা' শব্দটি কোন ভাষার শব্দ?**
**উত্তর:** ফারসি।

**১৫. 'বকলম' শব্দটির উৎপত্তি হয়েছে–**
**উত্তর:** ফারসি ও আরবি ভাষা থেকে।

## Teacher's Work

**১. 'রিক্সা' কোন ভাষার শব্দ?** [১৮তম শিক্ষক নিবন্ধন(কলেজ পর্যায়)-২০২৪]
ক) তুর্কি খ) কোরিয়ান গ) জাপানি ঘ) পর্তুগিজ

**২. 'পেয়ারা' কোন ভাষা থেকে আগত শব্দ?** [১৮ তম শিক্ষক নিবন্ধন(স্কুল পর্যায়)-২০২৪]
ক) হিন্দি খ) উর্দু গ) পর্তুগিজ ঘ) গ্রিক

**৩. নিচের কোনটি তৎসম শব্দ?** [১৭তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল-২)-২০২২]
ক) চাঁদ খ) খোকা গ) কাঠ ঘ) সন্ধ্যা

**৪. 'খ্রিষ্টাব্দ' কোন জাতীয় মিশ্র শব্দ?** [১৬তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)-২০১৯]
ক) ইংরেজি + বাংলা খ) ইংরেজি + আরবি গ) ইংরেজি + ফারসি ঘ) ইংরেজি + তৎসম

**৫. কোনটি দেশি শব্দের উদাহরণ?** [১৬তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)-২০১৯]
ক) লুঙ্গি খ) খোকা গ) সম্রাট ঘ) গঞ্জ

**৬. 'কলম' শব্দটি কোন ভাষা থেকে গৃহীত?** [১৭তম প্রভাষক নিবন্ধন-২০২২]
ক) সংস্কৃত খ) আরবি গ) ফারসি ঘ) তুর্কি

**৭. 'পাউরুটি' কোন ভাষার শব্দ?** [১৭তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০২২]
ক) পাঞ্জাবি খ) ফরাসি গ) গুজরাটি ঘ) পর্তুগিজ

## শব্দের গঠনমূলক শ্রেণিবিভাগ

বাংলা ভাষার শব্দগুলোকে গঠন অনুসারে দুইভাগে ভাগ করা হয়েছে। যথা: মৌলিক শব্দ ও সাধিত শব্দ।

**ক. মৌলিক শব্দ:** মৌলিক শব্দগুলোই হচ্ছে ভাষার মূল উপকরণ। যেসব শব্দ বিশ্লেষণ করা যায় না বা ভেঙে আলাদা করা যায় না, সেগুলোকে মৌলিক শব্দ বলে। যেমন: গোলাপ, মা, ফুল, নাক, লাল, তিন, হাত, মাটি, ঢাকা, বাড়ি, পাখি, কালো ইত্যাদি।

**খ. সাধিত শব্দ:** যে সকল শব্দকে বিশ্লেষণ করা হলে আলাদা অর্থবোধক শব্দ পাওয়া যায়, সেগুলোকে সাধিত শব্দ বলে।
যেমন: ফিসফিস, ধুমাধুম।

| | |
|---|---|
| ঘরামি (ঘর + আমি) | ডুবুরি (ডুব্ + উরি) |
| শীতল (শীত + ল) | গৌরব (গুরু + ষ্ণ) |
| চলন্ত (চল্ + অন্ত) | নীলাকাশ (নীল যে আকাশ) |

## শব্দের অর্থমূলক শ্রেণিবিভাগ

শব্দার্থ অনুসারে বাংলা ভাষার শব্দসমূহ তিন ভাগে বিভক্ত।

**ক. যৌগিক শব্দ:** যে সকল শব্দের ব্যুৎপত্তিগত অর্থ ও ব্যবহারিক অর্থ একই রকম, সেগুলোকে যৌগিক শব্দ বলে।
যেমন: দৌহিত্র, সাংবাদিক, গায়ক, মধুর, মিতালি, জলজ, চিকামারা, বাবুয়ানা, রাঁধুনি, পিতৃহীন, চালক, পাঠক, পাগলামি ইত্যাদি।

**খ. রূঢ়ি শব্দ:** যে সকল শব্দ প্রত্যয় বা উপসর্গযোগে মূল শব্দের অর্থের অনুগামী না হয়ে অন্য বিশিষ্ট অর্থ প্রকাশ করে, তাকে রূঢ়ি শব্দ বলে। যেমন: হস্তী, বাঁশি, তৈল, প্রবীণ, সন্দেশ, হরিণ, পাঞ্জাবি, ঝি ইত্যাদি।

**গ. যোগরূঢ় শব্দ:** সমাস নিষ্পন্ন যে সকল শব্দ সম্পূর্ণভাবে সমস্যমান পদসমূহের অনুগামী না হয়ে কোনো বিশিষ্ট অর্থ গ্রহণ করে, তাদের যোগরূঢ় শব্দ বলে। যেমন: পঙ্কজ, রাজপুত, জলদ, আদিত্য, তুরঙ্গম, চাঁদমুখ, সুহৃদ, সরোজ ইত্যাদি।

## এক কথায় প্রশ্নোত্তর

**১. ‘প্রবীণ’ কোন ধরনের শব্দ?**
**উত্তর:** রূঢ়/রূঢ়ি শব্দ।

**২. কয়েকটি মৌলিক শব্দের উদাহরণ–**
**উত্তর:** গোলাপ, নাক, লাল, তিন, হাত ইত্যাদি।

**৩. কয়েকটি যোগরূঢ় শব্দের উদাহরণ–**
**উত্তর:** পঙ্কজ, রাজপুত, জলধি, তুরঙ্গম প্রভৃতি।

**৪. ‘সন্দেশ’ কী ধরনের শব্দ?**
**উত্তর:** রূঢ়ি শব্দ।

**৫. ‘কর্তব্য’ কী ধরনের শব্দ?**
**উত্তর:** যৌগিক শব্দ।

**৬. ‘সুহৃদ’ কী ধরনের শব্দ?**
**উত্তর:** যোগরূঢ় শব্দ।

## Teacher's Work

**১. অর্থানুসারে শব্দ কত প্রকার?** [১৮ তম শিক্ষক নিবন্ধন(কলেজ পর্যায়)-২০২৪]
ক ২ প্রকার খ ৩ প্রকার গ ৪ প্রকার ঘ ৫ প্রকার

**২. মৌলিক শব্দ কোনটি?** [১৪তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)-২০১৭]
ক আকাশ খ শীতল গ ঢাকাই ঘ কান্না

**৩. মৌলিক শব্দ কোনটি?** [পঞ্চদশ বেসরকারি প্রভাষক নিবন্ধন (কলেজ/সমপর্যায়) : ১৮]
ক শ্রবণ খ পাঠক গ পরিষ্কার ঘ কালো

**৪. কোন দুটি শব্দ যৌগিক শব্দ?** [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৮]
ক হস্তী, বাঁশি খ গায়ক, বাবুয়ানা গ রাজপুত, সহযাত্রা ঘ ঢাকা, গোলাক

**৫. ব্যুৎপত্তিগতভাবে (উৎসগত বিচারে) বাংলা ভাষার শব্দকে কয়টি ভাগে ভাগ করা হয়েছে?** [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৯]
ক চারটি খ দুইটি গ পাঁচটি ঘ তিনটি

## Student Practice

**১. কোন বানানটি শুদ্ধ?**
ক প্রণয়ণ খ প্রনয়ন গ প্রনয়ণ ঘ প্রণয়ন — ঘ

**২. ‘ণ’ ত্ব ও ‘ষ’ত্ব বিধান কোন শ্রেণির শব্দ থেকে অনুসৃত হয়?**
ক দেশি খ বিদেশি গ তৎসম ঘ খাঁটি বাংলা — গ

**৩. নিচের কোন বানানে নিত্য মূর্ধন্য-ণ হবে?**
ক বেণু খ পরিমাণ গ দর্পণ ঘ ঘণ্টা — ক

**৪. শব্দার্থ অনুসারে বাংলা ভাষার শব্দ সমষ্টিকে ভাগ করা যায়–**
ক দুই ভাগে খ তিন ভাগে গ চার ভাগে ঘ পাঁচ ভাগে — খ

**৫. কোনটি যৌগিক শব্দ?**
ক তৈল খ রেশম গ দৌহিত্র ঘ মহাযাত্রা — গ

**৬. কোন জাতীয় শব্দে ‘ষ’ ব্যবহার হয় না?**
ক তৎসম খ বিদেশি/তদ্ভব
গ সংস্কৃত ঘ বৈদিক — খ

**৭. ধ্বনির অর্থপূর্ণ মিলনে কী তৈরি হয়?**
ক বর্ণ খ শব্দ গ বাক্য ঘ ব্যাকরণ — খ

**৮. বাক্যের মৌলিক উপাদান কী?**
ক বর্ণ খ ভাব গ ধ্বনি ঘ শব্দ — ঘ

**৯. শব্দের ক্ষুদ্রতম অংশকে বলা হয়–**
ক পদ খ ধ্বনি গ কারক ঘ বর্ণ — খ

**১০. শব্দের অর্থযুক্ত ক্ষুদ্রাংশকে কী বলা হয়?**
ক রূপ খ বাক্য গ শব্দাংশ ঘ অর্থ — ক

**১১. যোগরূঢ় শব্দের উদাহরণ কোনটি?**
ক জলদ খ জলজ গ বনজ ঘ সহজ — ক

**১২. বাংলা ভাষায় নিচের কোন প্রকার শব্দের পরিমাণ সর্বাধিক?**
ক তৎসম খ অর্ধ-তৎসম গ তদ্ভব ঘ দেশি — গ

**১৩. তৎসম শব্দ কোনটি?**
ক বৈষ্ণব খ রোজা গ চামার ঘ ইমান — ক

**১৪. ‘গণপ্রজাতন্ত্রী’ কোন শ্রেণির শব্দ?**
ক তৎসম খ তদ্ভব গ দেশি ঘ বিদেশি — ক

**১৫. নিচের কোনটি রূঢ়ি শব্দ?**
ক জলদ খ প্রবীণ গ সুহৃদ ঘ দিগের — খ

**১৬. শুদ্ধ বানানটি হচ্ছে–**
ক নিসুতী খ নিসুতি গ নিষুতী ঘ নিষুতি — ঘ

**১৭. কোনটি শুদ্ধ বানান?**
ক দুস্প্রাপ্য খ দুস্প্রাপ্য গ দুষ্প্রাপ্য ঘ দুষ্প্রাপ্য — ঘ

**১৮. ‘সুষমা’ শব্দে যে নিয়মে ‘ষ’ বসে–**
ক ‘স’-এর পূর্বে বসেছে বলে খ স্বভাবত ‘ষ’ বসে বলে
গ ‘ষম’-মূলরূপ থেকে উৎসারিত হওয়ায়
ঘ ‘উ’-কারান্ত উপসর্গ পূর্বে আছে বলে — ঘ

**১৯. কোন দুটিতে স্বভাবতই ‘ণ’ ও ‘ষ’ হয়েছে?**
ক রামায়ণ, উৎকৃষ্ট খ বর্ণনা, অনুষঙ্গ
গ কৃপণ, মুমূর্ষু ঘ গণনা, পাষাণ — ঘ

২০. ণ-ত্ব বিধান অনুযায়ী কোন চারটি উপসর্গের পর 'ন' 'ণ' তে পরিবর্তিত হয়?
ক প্র, পরা, পরি, নি  খ প্র, পরা, অপ, নির
গ প্র, সম, পরি, নির  ঘ প্র, পরা, পরি, নির  **ঘ**

২১. নিচের কোন শব্দে স্বভাবগত নিয়মে 'ষ' বসেছে?
ক কৃষক  খ ঋষি  গ ষড়ঋতু  ঘ কাষ্ঠ  **গ**

২২. কোনটি মৌলিক শব্দের উদাহরণ?
ক উপহার  খ সন্দেশ  গ চাঁদ  ঘ বাঁশি  **গ**

২৩. মৌলিক শব্দ কোনটি?
ক দেশান্তর  খ গায়েহলুদ  গ নাক  ঘ অগ্নিবীণা  **গ**

২৪. চন্দ্র শব্দের তদ্ভব রূপ–
ক চন্দ  খ চাঁদ  গ চান্দ্র  ঘ চন্দ্রিমা  **খ**

২৫. কোনটি তদ্ভব শব্দ?
ক গরু  খ মহিষ  গ হাতি  ঘ হরিণ  **গ**

২৬. 'মা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
ক ল্যাটিন  খ আরবি  গ হিন্দি  ঘ তদ্ভব  **ঘ**

২৭. 'বিবাহ' শব্দের ব্যুৎপত্তিগত অর্থ–
ক পবনের পুত্র  খ বিশেষভাবে বহন করে আনা
গ বৃহস্পতির পুত্র  ঘ বায়ুর বাহন  **খ**

২৮. 'লাঠি' ও 'চাউল' শব্দ দুটি কোন জাতীয় শব্দ?
ক বিদেশি শব্দ  খ দেশি শব্দ
গ তৎসম শব্দ  ঘ তদ্ভব শব্দ  **খ**

২৯. 'ব্যাকরণ' শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে?
ক বাংলা  খ সংস্কৃত  গ বিদেশি  ঘ তদ্ভব  **খ**

৩০. দেশি শব্দ নয়–
ক ধুতি  খ ঢেঁকি  গ চিড়া  ঘ মই  **ক**

৩১. কোন শব্দটি আরবি ভাষা থেকে বাংলায় আগত?
ক পর্দা  খ খানা  গ ছবি  ঘ নাম  **গ**

৩২. 'তুফান' শব্দটি কোন ভাষা হতে আগত?
ক আরবি  খ চীনা  গ হিন্দি  ঘ জাপানি  **ক**

৩৩. 'নগদ' শব্দটি কোন ভাষার?
ক বাংলা  খ ফারসি  গ আরবি  ঘ ফরাসি  **গ**

৩৪. 'মুসাফির' কোন ভাষার শব্দ?
ক আরবি  খ তুর্কি  গ হিন্দি  ঘ ফারসি  **ক**

৩৫. 'হাসনাহেনা' কোন ভাষার শব্দ?
ক পর্তুগিজ  খ হিন্দি  গ জাপানি  ঘ ফরাসি  **গ**

৩৬. 'জঙ্গল' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
ক হিন্দি  খ ফারসি  গ তুর্কি  ঘ ফরাসি  **খ**

৩৭. 'বুর্জোয়া' শব্দটি কোন ভাষা থেকে বাংলায় এসেছে?
ক ইংরেজি  খ ফরাসি  গ ফারসি  ঘ হিন্দি  **খ**



## Home Work

NTRCA চাকুরি প্রত্যাশীদের জন্য বিগত বিভিন্ন নিয়োগ পরীক্ষায় আসা প্রশ্নগুলো থেকে গুরুত্বপূর্ণ প্রশ্নগুলো বাছাই করে এবং সাম্প্রতিক প্রশ্নোত্তর সংযোজনে সাজানো হয়েছে। যা মনে রাখতে পারলে শতভাগ কমন থাকবে।

১. বাংলা শব্দ ভাণ্ডারে অনার্য জাতির ব্যবহৃত শব্দ– [৪৬তম বিসিএস]
ক উৎসম  খ তদ্ভব  গ দেশি  ঘ বিদেশি  **গ**

২. যোগরূঢ় শব্দ কোনটি? [৪৬তম বিসিএস]
ক কলম  খ মলম  গ বাঁশি  ঘ শাখামৃগ  **ঘ**

৩. আরবি 'কলম' শব্দটি 'কলমোস' শব্দ থেকে এসেছে। 'কলমোস' কোন ভাষার শব্দ? [৪৫তম বিসিএস]
ক পাঞ্জাবি  খ ফরাসি  গ গ্রিক  ঘ স্পেনিশ  **গ**

৪. নিচের কোনটি যৌগিক শব্দ? [৪৫তম বিসিএস]
ক প্রবীণ  খ জেঠামি  গ সরোজ  ঘ মিতালি  **ঘ**

৫. 'আসমান' কোন ভাষা থেকে আগত শব্দ? [৪৩ তম বিসিএস]
ক পর্তুগিজ  খ ফরাসি  গ আরবি  ঘ ফারসি  **ঘ**

৬. 'বাবা' কোন ভাষার অন্তর্গত শব্দ? [৪২তম বিসিএস (বিশেষ)]
ক তৎসম  খ তদ্ভব  গ ফারসি  ঘ তুর্কি  **ঘ**

৭. 'সোমত্ত' শব্দটির উৎপত্তি কোন শব্দ থেকে? [৪১তম বিসিএস]
ক সোপান  খ সমর্থ  গ সোল্লাস  ঘ সওয়ার  **খ**

৮. 'জোছনা' কোন শ্রেণির শব্দ? [৪০তম বিসিএস]
ক যৌগিক  খ তৎসম  গ দেশি  ঘ অর্ধ-তৎসম  **ঘ**

৯. 'গির্জা' কোন ভাষার অন্তর্গত শব্দ? [৪০তম বিসিএস]
ক ফারসি  খ পর্তুগিজ  গ ওলন্দাজ  ঘ পাঞ্জাবি  **খ**

১০. 'হেড মৌলভী' কোন ভাষার শব্দ যোগে গঠিত হয়েছে? [৩৬তম বিসিএস]
ক ইংরেজি + ফারসি  খ ইংরেজি + আরবি
গ তুর্কি + আরবি  ঘ ইংরেজি + পর্তুগিজ  **ক**

১১. নিচের কোন শব্দে ণ-ত্ব বিধি অনুসারে 'ণ' এর ব্যবহার হয়েছে? [৩৬তম বিসিএস]
ক কল্যাণ  খ প্রবণ  গ নিক্কণ  ঘ বিপণি  **খ**

১২. বাংলা ভাষার শব্দ সাধন হয় না নিম্নোক্ত কোন উপায়ে? [৩৫তম বিসিএস]
ক সমাস দ্বারা  খ উপসর্গ যোগে
গ লিঙ্গ পরিবর্তন দ্বারা  ঘ ক, খ ও গ তিন উপায়েই হয়  **গ**

১৩. 'পুরষ্কার বিতরণী অনুষ্ঠানের পরিবেশ এত অপরিষ্কার।' বাক্যটি নিম্নরেখ পদে ষ/স ব্যবহারে- [৩৫তম বিসিএস]
ক প্রথমটি অশুদ্ধ, দ্বিতীয়টি শুদ্ধ
খ প্রথমটি শুদ্ধ, দ্বিতীয়টি অশুদ্ধ
গ দুটিই অশুদ্ধ
ঘ দুটিই শুদ্ধ  **গ**

১৪. কোনটি সাধিত শব্দ নয়? [৩২তম বিসিএস]
ক পানসা  খ ফুলেল  গ গোলাপ  ঘ হাতল  **গ**

১৫. কোনটি ইংরেজি শব্দ? [৩২তম বিসিএস]
ক ম্যাজেন্ট  খ পিস্তল  গ আলমারি  ঘ কমা  **ঘ**

১৬. 'উজবুক' শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে? [৩১তম বিসিএস]
ক ফার্সি  খ তুর্কি  গ পর্তুগিজ  ঘ আরবি  **খ**

১৭. গ্রিক শব্দ কোনটি? [২৭তম বিসিএস]
ক তুফান  খ লুঙ্গী  গ কুশন  ঘ দাম  **ঘ**

১৮. 'চৌ-হদ্দি' শব্দটি কোন কোন ভাষার শব্দ মিলে হয়েছে? [২৬তম বিসিএস]
ক বাংলা+ফারসি  খ সংস্কৃত+ফারসি
গ ফারসি+আরবি  ঘ সংস্কৃত+আরবি  **গ**

১৯. **কোন শব্দটি ফারসি?** [২৬তম বিসিএস]
ক মুসাফির খ তকদির গ পেরেশান ঘ মজলুম **গ**

২০. **'কাঁচি' কোন ধরনের শব্দ?** [২৪তম বিসিএস]
ক আরবি খ ফারসি গ হিন্দি ঘ তুর্কি **ঘ**

২১. **'বেটাইম' শব্দটি গঠিত হয়েছে?** [বাতিলকৃত ২৪তম বিসিএস]
ক ফারসি ও ইংরেজি শব্দে খ ফরাসি ও ইংরেজি শব্দে
গ ফারসি ও ফরাসি শব্দে ঘ ফারসি ও হিন্দি শব্দে **ক**

২২. **নিত্য মূর্ধন্য-ষ কোন শব্দে বর্তমান?** [২৪তম ও ২০তম বিসিএস]
ক কষ্ট খ উপনিষৎ গ কল্যাণীয়েষু ঘ আষাঢ় **ঘ**

২৩. **'পেয়ারা' কোন ভাষা থেকে আগত শব্দ?** [২৩তম বিসিএস]
ক হিন্দি খ উর্দু গ পর্তুগিজ ঘ গ্রিক **গ**

২৪. **'বাবেল মান্দেব' কী শব্দ?** [২৩তম বিসিএস]
ক ফারসি খ উর্দু গ আরবি ঘ ইংরেজি **ক**

২৫. **ণ-ত্ব বিধি সাধারণত কোন শব্দে প্রযোজ্য?** [২১তম বিসিএস]
ক দেশি খ বিদেশি গ তৎসম/সংস্কৃত ঘ তদ্ভব **গ**

২৬. **অর্থানুসারে শব্দ কত প্রকার?** [১৭তম বিসিএস]
ক ২ প্রকার খ ৩ প্রকার গ ৪ প্রকার ঘ ৫ প্রকার **খ**

২৭. **কোন বানানটি শুদ্ধ?** [১২তম বিসিএস]
ক পাষাণ খ পাষান গ পাসান ঘ পাশান **ক**

২৮. **'আদালত' শব্দটি কোন ভাষা থেকে জাত?** [হোম ইকোনমিস্ট (নিপোর্ট পদের পরীক্ষা)'২৪]
ক আরবি খ বাংলা গ পর্তুগিজ ঘ ফারসি **ক**

২৯. **'পোলাও' শব্দটি–** [বস্ত্র অধিদপ্তরের অফিস সহায়ক পরীক্ষা-২০২৪]
ক ফারসি খ সংস্কৃত গ বাংলা ঘ আরবি **ক**

৩০. **'রেঁস্তোরা' শব্দের উৎস ভাষা-** [বাংলাদেশ সরকারি কর্মকমিশন (সিনিয়র স্টাফ নার্স)'২৪]
ক তুর্কি খ ফারসি গ ফরাসি ঘ ইংরেজি **গ**

৩১. **কোনটি মৌলিক শব্দ?** [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (১ম পর্যায়)'২৩]
ক গোলাপ খ মানব গ ধাতব ঘ একাঙ্ক **ক**

৩২. **দেশি শব্দ নয় কোনটি?** [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (২য় পর্যায়)'২৪]
ক ঢিল খ মুড়কী গ মাছি ঘ ঝিঙ্গা **গ**

৩৩. **"বন্ধন" শব্দের সঠিক অক্ষর বিন্যাস কোনটি?** [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (২য় পর্যায়)–২০২৪]
ক বান + ধন খ ব + ন + ধ +ন
গ বন্ + ধন ঘ ব + ন্ধ + ন **গ**

৩৪. **কোনটি মৌলিক শব্দ?** [বাংলাদেশ রেলওয়ে টিকিট কালেক্টর-২০২৪]
ক মা খ বাঁশি গ তৈল ঘ জলধি **ক**

৩৫. **'তারিখ' কোন দেশি শব্দ?** [বাংলাদেশ ডাক বিভাগ (পোস্টম্যান/রানার/অফিস সহায়ক)-২০২৪]
ক বাংলা খ ইংরেজি গ আরবি ঘ জাপানি **গ**

৩৬. **নিচের কোন শব্দটি তৎসম?** [প.অ. (অফিস সহায়ক)'২৩]
ক হাত খ নক্ষত্র গ দারোগা ঘ চুলা **খ**

৩৭. **'কাজ' শব্দের তৎসম রূপ-** [পিএসসি (সিনিয়র স্টাফ নার্স)'২৩]
ক ক্রিয়া খ কার্য গ কর্জ্জ ঘ করণীয় **খ**

৩৮. **'তদ্ভব' শব্দের উদাহরণ কোনটি?** *[বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (সহকারী এনফোর্সমেন্ট কো-অর্ডিনেটর) – ২০২৪]*
ক ঘোড়া খ আকাশ গ ঢেঁকি ঘ কলম **ক**

৩৯. **কোনটি 'তদ্ভব' শব্দ?** [প.অ. (অফিস সহায়ক)'২৩]
ক সূর্য খ চাঁদ গ চন্দ্র ঘ গগন **খ**

৪০. **'তদ্ভব' শব্দের অর্থ হলো-** [কা.শি.অ. (ফিজিক্যাল এডুকেশন ইনস্ট্রাকটর)'২৩]
ক সংস্কৃতের সমান খ সংস্কৃত নয়
গ সংস্কৃত থেকে উদ্ভূত ঘ বিদেশি শব্দ **গ**

৪১. **অর্ধ-তৎসম শব্দ নয় কোনটি?** [বা.প.উ.বো. (সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা)'২৩]
ক বদ্যি খ তেষ্টা গ মিষ্টি ঘ চাঁদ **ঘ**

৪২. **কোনটি দেশি শব্দ?** [বি.ম. (প্রশাসনিক কর্মকর্তা)'২২]
ক পেঁপে খ আসন গ চেহারা ঘ ঢেঁকি **ঘ**

৪৩. **'ফকির শব্দটি কোন ভাষা থেকে এসেছে?** [প.অ. (অফিস সহায়ক)'২৩]
ক তুর্কি খ পর্তুগিজ গ আরবি ঘ ফারসি **গ**

৪৪. **নিচের কোন শব্দটি আরবি ভাষা নয়?** [কা.শি.অ. (ফিজিক্যাল এডুকেশন ইন্সট্রাক্টর)'২৩]
ক ইনসান খ ইবাদত গ মর্জি ঘ আশরফি **ঘ**

৪৫. **'কামিজ' শব্দটি কোন ভাষা থেকে আগত?**[কা.শি.অ. (ফিজিক্যাল এডুকেশন ইন্সট্রাক্টর)'২৩]
ক ইংরেজি খ হিন্দি গ পর্তুগিজ ঘ ওলন্দাজ **গ**

৪৬. **'সাবান' কোন দেশি শব্দ?** [বা.প.বি.বো. (কম্পিউটার মুদ্রাক্ষরিক কাম-অফিস সহকারী)'২৩]
ক তুর্কি খ পাঞ্জাবি গ ফরাসি ঘ পর্তুগিজ **ঘ**

৪৭. **'কিন্ডারগার্টেন' শব্দটি কোন ভাষা থেকে ইংরেজি ভাষায় এসেছে?** [কা.শি.অ. (ফিজিক্যাল এডুকেশন ইস্ট্রাক্টর)'২৩; প্রাথমিক (সহকারী শিক্ষক) (২য় পর্যায়)'২০]
ক জাপানি খ স্প্যানিশ গ জার্মান ঘ আইরিশ **গ**

৪৮. **'লুঙ্গি' কোন ভাষা থেকে আগত শব্দ?**[পিএসসি (সিনিয়র স্টাফ নার্স)'২৩; খা.অ. (সহকারী উপ-খাদ্য পরিদর্শক)'২১]
ক চীনা খ তুর্কি গ বর্মি ঘ মালয় **গ**

৪৯. **নিচের কোনটি তৎসম শব্দ?** [স্থা.স.প্র.অ. (কার্যসহকারী): ২০২৩; প্রাথমিক (সহকারী শিক্ষক) (৩য় পর্যায়) ২০২০]
ক গেরাম খ চামার গ মাটি ঘ নারিকেল **ঘ**

৫০. **'জংশন' শব্দটির উৎস ভাষা-** [প.ম.(সহকারী পরিচালক)'২৩]
ক ইংরেজি খ ফরাসি গ চীনা ঘ বার্মিজ **ক**

৫১. **সমাসবদ্ধ শব্দে সাধারণত ণ-ত্ব বিধান খাটে না-এর উদাহরণ কোনটি?** [১৬তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)-২০১৯]
ক অগ্রনায়ক খ রতন গ আপন ঘ অনুষ্ঠান **ক**

৫২. **'মহকুমা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?** [১৫তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)-২০১৯]
ক তুর্কি খ আরবি গ ফারসি ঘ ফরাসি **খ**

৫৩. **কোনটি ফারসি শব্দ?** [১৬তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১৯]
ক চাবি খ চাকর গ চাহিদা ঘ চশমা **ঘ**

৫৪. **'আনারস' কোন ভাষার শব্দ?** [নর্দান ইলেট্রিসিটি সাপ্লাই পদের পরীক্ষা-২০২৪, ১৩তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল-২)-২০১৬]
ক ওলন্দাজ খ তুর্কি গ পর্তুগিজ ঘ জাপানি **গ**

৫৫. **'চশমা' কোন ভাষার শব্দ?** [১২তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান-২)'১৫]
ক আরবি খ ফারসি গ ফরাসি ঘ গুজরাটি **খ**

৫৬. **'হরতাল' কোন ভাষার শব্দ?** [১২তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল/সমপর্যায়-২)'১৪]
ক গুজরাটি খ তুর্কি গ পর্তুগীজ ঘ বার্মিজ **ক**

৫৭. **গিন্নী, কেষ্ট শব্দ কোন ধরনের শব্দ?** [১২তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১৫, ১১তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)-২০১৪]
ক তৎসম খ অর্ধ-তৎসম গ দেশি ঘ বিদেশি **খ**

৫৮. **নিচের কোনটি অর্ধ-তৎসম শব্দ?** [১১তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)'১৪]
ক গিন্নী খ হস্ত গ গঞ্জ ঘ তসবি **ক**

৫৯. **কোনটি তদ্ভব শব্দের উদাহরণ?** [১০ম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)'১৪]
ক মই খ জোছনা গ পাতা ঘ কাগজ **গ**

৬০. **নিচের কোনটি মিশ্র শব্দ?** [৯ম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)'১৩]
ক বেতার খ হাট-বাজার
গ হেড-মাস্টার ঘ সবজি **খ**

৬১. **কোনটি অর্ধ-তৎসম শব্দের উদাহরণ?** [৯ম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)-২০১৩]
ক মাথা খ ঢেঁকি গ ভবন ঘ কুচ্ছিত **ঘ**

৬২. **'বারান্দা' কোন ভাষা থেকে আগত?** [৯ম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)'১৩]
ক পর্তুগিজ খ ওলন্দাজ
গ তুর্কি ঘ ইংরেজি **ক**

৬৩. **কোন ধরনের শব্দে কখনোই মূর্ধন্য-ণ হবে না?** [৯ম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)-২০১৩]
ক তৎসম খ বিদেশি
গ তদ্ভব ঘ আঞ্চলিক **খ**

৬৪. **কোনটি তৎসম শব্দ?** [১৪তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১৭]
ক কিংবদন্তী খ হাতি
গ চাঁদ ঘ তেঁতুল **ক**

৬৫. **উৎপত্তি অনুসারে বাংলা ভাষার শব্দসমূহকে কয় ভাগে ভাগ করা হয়েছে?** [১৪তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১৭]
ক ৪ ভাগে খ ৩ ভাগে
গ ৫ ভাগে ঘ ৬ ভাগে **গ**

৬৬. **'ইংরেজি' শব্দটি কোন ভাষা থেকে নেয়া হয়েছে?** [১৪তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা'১৭]
ক গ্রিক খ তুর্কি
গ ফরাসি ঘ পর্তুগিজ **ঘ**

৬৭. **কোনটি দেশি শব্দ?** [১৩তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১৬]
ক রিকসা খ চা
গ কিতাব ঘ কুলা **ঘ**

৬৮. **ণ-ত্ব বিধান বাংলা বানানে কোন শব্দের ক্ষেত্রে প্রযোজ্য?** [১২তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১৫]
ক সংস্কৃত খ বিদেশি শব্দ
গ দেশি শব্দ ঘ তদ্ভব শব্দ **ক**

৬৯. **'সুহৃদ' কী ধরনের শব্দ?** [১১তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১৪]
ক মৌলিক খ রূঢ়ি
গ যোগরূঢ় ঘ যৌগিক **গ**

৭০. **বাংলা ভাষার শব্দ সম্ভারকে কয়টি ভাগে ভাগ করা হয়েছে?** [৮ম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১২]
ক দুইটি খ তিনটি
গ চারটি ঘ পাঁচটি **ঘ**

৭১. **নিচের কোনটি তৎসম শব্দ?** [শি.নি.প্র.প. (শিক্ষক) (স্কুল)'২২]
ক চাঁদ খ খোকা
গ কাঠ ঘ সন্ধ্যা **ঘ**

৭২. **ময়নাতদন্ত শব্দের 'ময়না' কোন ভাষার শব্দ?** [বা.প.বি.বো. (জেনারেল ম্যানেজার (প্রশাসন/মানবসম্পদ)'২২]
ক খাঁটি বাংলা খ সংস্কৃত
গ আরবি ঘ ফারসি **গ**

৭৩. **'একতারা' শব্দটি যে ভাষা থেকে এসেছে-** [ফা.সা.সি.ডি.অ. (স্টেশন অফিসার)'২২]
ক আরবি খ তুর্কি
গ ফারসি ঘ সংস্কৃতি **গ**

৭৪. **'চাবি, জানালা, বালতি'- এগুলো কোন ভাষা থেকে এসেছে?** [ঔ.প্র.অ. (অফিস সহায়ক)'২২; কা.শি.অ. (বিভিন্ন পদ)'২১]
ক পর্তুগিজ খ জাপানি গ তুর্কি ঘ গ্রিক **ক**

৭৫. **'কার্তুজ' কোন ভাষার শব্দ?** [ডা.জী.বী. (সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর)'২২; স্ব.ম. (কারা তত্ত্বাবধায়ক)'১৩]
ক ইংরেজি খ ফরাসি
গ জার্মানি ঘ চীনা **খ**

৭৬. **'দারোগা' শব্দটি কোন ভাষার শব্দ?** [প.ম. (ব্যক্তিগত কর্মকর্তা)'১৯; প. ম. (প্রশাসনিক কর্মকর্তা)'১৯]
ক জাপানি খ তুর্কি
গ ফরাসি ঘ গুজরাটি **খ**

৭৭. **'রিক্সা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?** [ডা.অ.(হিসাব সহকারী/অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক)'২২]
ক জাপানি খ ইংরেজি
গ চীনা ঘ হিন্দি **ক**

৭৮. **'চকোলেট' শব্দটি এসেছে কোন ভাষা থেকে?** [ঔ, প্র.অ. (অফিস সহায়ক)'২২; দুদক (উপ-সহকারী ও কোর্ট পরিদর্শক)'২০]
ক ইতালীয় খ পর্তুগিজ
গ বার্মিজ ঘ মেক্সিকান **ঘ**

৭৯. **'চিড়িয়াখানা' শব্দটি কোন দুটি ভাষার শব্দের সংমিশ্রণ?** [বি.বা.এ.(ম্যাটেরিয়াল মেনেজমেন্ট অ্যাসিস্টেন্ট)'২২]
ক তুর্কি ও ফারসি খ হিন্দি ও তুর্কি
গ ফারসি ও বাংলা ঘ হিন্দি ও ফারসি **ঘ**

৮০. **কোনটি যোগরূঢ় শব্দ নয়?** [প.ম. (সহকারী পরিচালক)'২৩]
ক মহাযাত্রা খ পঙ্কজ
গ রাজপুত ঘ ধানক্ষেত **ঘ**

৮১. **নিচের কোনটি বিদেশি শব্দ?** [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (১ম পর্যায়)'২২]
ক কান খ কাজ গ কাঁচি ঘ কলম **গ**,ঘ

৮২. **সাধু ভাষায় কোন শব্দের প্রাধান্য বেশি?** [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (২য় পর্যায়)-২০২২]
ক দেশি খ তদ্ভব গ তৎসম ঘ বিদেশি **গ**

৮৩. **ল্যাটিন ভাষায় 'সেন্টি' অর্থ কী?** [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (৩য় পর্যায়)-২০২২]
ক শতাংশ খ সহস্রাংশ
গ পঞ্চমাংশ ঘ দশমাংশ **ক**

৮৪. **কোনটি শুদ্ধ বানান?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ক্রিসানথিমাম, বাগানবিলাস)'১২]
ক মনহারিণি খ মনোহারিণী
গ মনোহারিনি ঘ মনোহারিণি **খ**

৮৫. **শুদ্ধ শব্দগুচ্ছ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় পর্যায়) : ১৯]
ক গণনা, গণিকা, শোণিত খ গণণা, গনিকা. শোনিত
গ গননা, গণিকা, শোনি ঘ গণনা, গনিকা, শোসিত **ক**

৮৬. **নিচের কোন বানানটি শুদ্ধ?** [১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৪]
ক চক্ষুস্মান খ চক্ষুষ্মান গ চক্ষুশ্মান ঘ চক্ষুস্মাণ **খ**

৮৭. **কোন বানানটি শুদ্ধ?** [১৩তম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৬]
ক মাষ্টার খ পোশাক
গ জিনিষ ঘ পোষ্ট অফিস **খ**

৮৮. **কোন প্রত্যয়যুক্ত পদে মূর্ধন্য 'ষ' হয় না?** [১২তম বেসরকারি শিক্ষক নিবন্ধন'১৫]
ক সাৎ খ সা গ ষ্ণেয় ঘ ষ্ণিক **ক**

৮৯. **মৌলিক শব্দ কোনটি?** [চতুর্দশ বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল/সমপর্যায়) : ১৭]
ক আকাশ খ শীতল গ ঢাকাই ঘ কান্না **ক**

৯০. **কোন বানানটি শুদ্ধ?** [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের এস্টিমেটর পদে নিয়োগ পরীক্ষা'১৮]
ক রূপায়ন খ রুপায়ন গ রূপায়ণ ঘ রুপায়ণ **গ**

৯১. **'লণ্ঠন' বানান কোন নিয়মে হয়–** [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপসহ. পরিচালক: '১৯]
ক ণত্ব বিধান খ ষত্ব বিধান
গ বর্ণ বিধান ঘ কোনোটিই নয় **ক**

৯২. **ণ-ত্ব বিধি অনুসারে কোন জোড় অশুদ্ধ বানান?** [ঢাবি (খ-ইউনিট) '১৬-১৭]
ক দুর্নিবার, নবারুণ খ হরিণ, মূল্যায়ন
গ কেরাণি, পরগণা ঘ পণ, প্রণয়ন **গ**

৯৩. **কোনটি শুদ্ধ বানান?** [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা সংগঠক; ২০০৫]
ক ব্যাকরন খ ব্যাকারণ গ ব্যাকরণ ঘ ব্যাকারন **গ**

৯৪. **স্বভাবতই মূর্ধন্য-ষ হয়েছে নিচের কোনটিতে?** [বাংলাদেশ শিপিং করপোরেশন সিনিয়র এ্যাসিস্ট্যান্ট পদে নিয়োগ: ২০১৮]
ক দোষ খ শিষ্ট গ শিষ্য ঘ নিষেক **ক**

৯৫. **খাঁটি বাংলা ও বিদেশি শব্দে মূর্ধন্য-ষ হয় না এমন উদাহরণ কোনটি?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাইফার অফিসার- ২০১২]
ক বৃস্টি খ প্রতিস্টান গ জিনিস ঘ দৃস্টি **গ**

৯৬. **নিচের কোন শব্দে স্বভাবতই মূর্ধন্য-ষ হয়?** [বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ-এর সহকারী পরিচালক-২০২০]
ক মুমূর্ষু খ ভাষা গ প্রতিষ্ঠান ঘ কষ্ট **খ**

৯৭. **কোন শব্দটি বিসর্গযুক্ত ই-ধ্বনি সন্ধির ফলে মূর্ধন্য-ষ হয়েছে?** [প্রবাসী কল্যাণ ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ১৪]
ক পুষ্কক খ পরিষ্কার গ পুষ্ট ঘ বর্ষীয়সী **খ**

৯৮. **নিচের কোনটি যোগরূঢ় শব্দ?** [বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের সহকারী প্রশাসনিক কর্মকর্তা : '১৭]
ক মহাযাত্রা খ বাঁশি গ প্রবীণ ঘ সন্দেশ **ক**

৯৯. **কোনটি যৌগিক শব্দের উদাহরণ?** [জবি (খ- ইউনিট) : ২০১৪-১৫]
ক জলধি খ পাঞ্জাবি গ নিন্দুক ঘ বাঁশি **গ**

১০০. **'গায়ক' কোন শব্দ?** [দুর্নীতি দমন কমিশনের উপ-সহকারী পরিচালক- ২০১৫]
ক তৎসম শব্দ খ সাধিত শব্দ
গ যোগরূঢ় শব্দ ঘ যৌগিক শব্দ **ঘ**

১০১. **'প্রবীণ' কোন ধরনের শব্দ?** [কারা তত্ত্বাবধায়ক পদে নিয়োগ পরীক্ষা- '০৬]
ক রূঢ়ি শব্দ খ সাধিত শব্দ
গ মৌলিক শব্দ ঘ যোগরূঢ় শব্দ **ক**




**১.** ণ-ত্ব বিধি অনুসারে কোন বানানটি শুদ্ধ?
- ক) পূর্বাহ্ণ
- খ) মধ্যাহ্ন
- গ) অপরাহ্ন
- ঘ) সায়াহ্ন

**২.** কোন প্রত্যয়যুক্ত পদের মূর্ধন্য 'ষ' হয় না?
- ক) সাৎ
- খ) সা
- গ) ষ্ণেয়
- ঘ) ষ্ণিক

**৩.** 'রিক্সা' কোন ভাষার শব্দ?
- ক) তুর্কি
- খ) কোরিয়ান
- গ) জাপানি
- ঘ) পর্তুগিজ

**৪.** নিচের কোনটি তৎসম শব্দ?
- ক) চাঁদ
- খ) খোকা
- গ) কাঠ
- ঘ) সন্ধ্যা

**৫.** 'খ্রিষ্টাব্দ' কোন জাতীয় মিশ্র শব্দ?
- ক) ইংরেজি + বাংলা
- খ) ইংরেজি + আরবি
- গ) ইংরেজি + ফারসি
- ঘ) ইংরেজি + তৎসম

**৬.** মৌলিক শব্দ কোনটি?
- ক) আকাশ
- খ) শীতল
- গ) ঢাকাই
- ঘ) কান্না

**৭.** 'রেঁস্তোরা' শব্দের উৎস ভাষা-
- ক) তুর্কি
- খ) ফারসি
- গ) ফরাসি
- ঘ) ইংরেজি

**৮.** 'চশমা' কোন ভাষার শব্দ?
- ক) আরবি
- খ) ফারসি
- গ) ফরাসি
- ঘ) গুজরাটি

**৯.** 'হরতাল' কোন ভাষার শব্দ?
- ক) গুজরাটি
- খ) তুর্কি
- গ) পর্তুগীজ
- ঘ) বার্মিজ

**১০.** নিচের কোনটি অর্ধ-তৎসম শব্দ?
- ক) গিন্নী
- খ) হস্ত
- গ) গঞ্জ
- ঘ) তসবি

**উত্তরমালা**

| | |
|---|---|
| ১ | ক |
| ২ | ক |
| ৩ | গ |
| ৪ | ঘ |
| ৫ | ঘ |
| ৬ | ক |
| ৭ | গ |
| ৮ | খ |
| ৯ | ক |
| ১০ | ক |

এই Lecture Sheet পড়ার পাশাপাশি Biddabari your success benchmark কর্তৃপক্ষ কর্তৃক দেয়া এসাইনমেন্ট এর "বাংলা ভাষা ও সাহিত্য" অংশটুকু ভালোভাবে চর্চা করতে হবে।

